

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি সৌরভ কুমার দে
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাসাইল, টাঙ্গাইল।

সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল।

সভার তারিখঃ ০৭ ডিসেম্বর, ২০২৩


সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতিঃ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সে নির্দেশনা অনুযায়ী আজকের এ সভা আয়োজন করা হয়েছে। দেশ থেকে দুর্নীতি দূরীকরণ, সুশাসন প্রতিষ্ঠা ও দেশের সামগ্রিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে। এ কৌশলে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, অফিসের কর্ম পরিবেশ উন্নয়ন, শুদ্ধাচার পুরস্কার প্রদান, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার, সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়ের মাঝে সেবা প্রদান, দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সচেতনতা সভা আয়োজন, অফিসে যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে বলা হয়েছে। যার মাধ্যমে অফিসের সকলের মাঝে সততা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। দপ্তরের কোন সেবা প্রদান বা সংশ্লিষ্ট কোন বিষয়ে অভিযোগ থাকলে তা লিখিত ভাবে অভিযোগ বক্সে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। অভিযোগের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মাঝে অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে অভিযোগকারীকে জানানো হবে। যদি অভিযোগকারী এতে সন্তুষ্ট না হন তবে তিনি আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন। এরপর সভায় উপস্থিত সকলের কাছে মতামত আহবান করা হয়। অংশগ্রহণকারীগণ সরকারের গৃহীত এ কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং তাদের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

- ১। ডিসেম্বর/২৩ মাসের মধ্যে অফিসের কর্ম পরিবেশ উন্নয়ন করতে হবে।
- ২। অফিসে আগত চাষীদের যথাসময়ে সেবা প্রদান করতে হবে।
- ৩। শুধুমাত্র প্রকৃত মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- ৪। অবৈধ চায়না জালের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।




(সৌরভ কুমার দে)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাসাইল, টাঙ্গাইল।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভার হাজিরা

স্থান- উপজেলা মৎস্য দপ্তর, বাসাইল, টাঙ্গাইল

তারিখ- ০৭/১২/২০২৩

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	সাব্বিরুল্লাহ	অফিস মহলগারী	
২	বংশান্না মবলগার	অফিস মহলগার	বংশান্না
৩	মোঃ কাজিম খান	মৎস্য খাদ্য ব্যাংকারী	কাজিম
৪	মোঃ মোঃ মজিদ	মৎস্যচারী	মজিদ
৫	মোঃ দেওয়ান হোসেন	মৎস্যচারী	দেওয়ান
৬	মোঃ মিজান	মৎস্য খাদ্য ব্যাংকারী	মিজান
৭	মোঃ মুহা	মৎস্যচারী	মুহা
৮			
৯			

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
বাসাইল, টাঙ্গাইল।
www.fisheries.basail.tangail.gov.bd


স্মারক নং-৩৩.০২.৯৩০৯.৫০১.৪৩.০০১.২১- ৯২৭

তারিখ : ১৮ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ:
০৪ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

নোটিশ

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭/১২/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা মৎস্য কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে এপিএ চুক্তির আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগহণে সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(সৌরভ কুমার দে)

উপজেলা মৎস্য কর্মকর্তা

বাসাইল, টাঙ্গাইল।

ফোন : ০২৯৯৭৭৫৫৪১১

ই-মেইল : ufobasail@fisheries.gov.bd

প্রাপক

বাসাইল, টাঙ্গাইল।